হোমিও মেডিক্যাল ক্লাব মাসিক পত্রিকা

HOMŒO MEDICAL CLUB PATRIKA

HOMŒOPATHIC MEDICAL COLLEGE * THE LIBRARY DEPT

Complimentary Copy

VOL. 14 NO. 7 :: OCTOBER - 1978

In Memorium

to our

Permanent Club President

**Dr. Netai Charan Chakravarty**

# Contents :


A Great Soul passes away—Most popular Dr. N. C. Chakravarty, our President is no more (Editorial)—Dr. N. K. Sarkar 172

Late Dr. Netai Charan Chakravarty's Life Sketch—Staff reporter 173

Effects on Birth Control by Tubectomy against the Homœopathic Medicines— Dr. M. C. Dutt 176

প্রতিষেধক চিকিৎসা ও হোমিওপ্যাথি ডাঃ স্বামী ভুমানন্দ 181

অনুসন্ধানীর দৃষ্টিতে (প্রশ্নোত্তর) ডাঃ সিমিলিয়া 186

সংবাদ পরিক্রমা 191

বিজ্ঞান বিচিত্রা 194

Homoeopathic Drugs to Correct bad effects of Various Ailments. Dr. S. C. Roy 196

Some Encouraging News 202

Letter to the Editor 204

Review 206



Dr. Netai Charan Chakraborty, *M. D.* (*Hom*)

Born : 24th December, 1900 Died : 9th September, 1978

# Homœo Medical Club Patrika

Monthly Bi-lingual (English and Bengali)
[ Journal of the Homœo Medical Club, West Bengal ]

ARTICLES : English/Bengali should be sent neatly and clearly typed/written in double space on one side of the paper and the name of the writer with complete address. Literature (Books/Journals) should be sent in two copies Addressed to The Publisher, Homœo Medical Club Patrika. Post Box No. 67. Howrah-711101.

Articles are ordinarily not returnable whether approved or not.

SUBSCRIPTION : Price per copy Re. 1·00, Yearly Rs. 10·00 (Ten) including Postage, Subscriptions are accepted from any issue/any time of the year.

Cheques and V-P-P are not acceptable. Subscription to be sent in advance to The General Secretary, Homœo Medical Club West Bengal, 62/1, Netaji Subhas Road, Howrah-711101.

All Valid Members and Life Members of Homœo Medical Club West Bengal are entitled to get one copy of Patrika free of cost and Posted generally in ordinary Book post on last week of every month. Yearly subscription for membership is Rs. Fifteen, admission fee Rs. Five and Life Member Rs. 250·00

For all Correspondence & contract please address to :
General Secretary, Homœo Medical Club, West Bengal,
Post Box No. 67. Howrah-711101.

# শারদ উৎসব

বাঙালীর জীবনের সর্ব্বশ্রেষ্ঠ উৎসব দুর্গাপূজা সমাগত। যদিও চিকিৎসাসংক্রান্ত পত্রিকা হিসাবে পূজাসংখ্যা বলে বিশেষ কোনও সংখ্যা আমরা প্রকাশ করিনি তবুও পূজার প্রাক্কালে প্রকাশিত এই মাসিক পত্রের সভ্যরা চিকিৎসক হলেও পূজার সঙ্গে ওতঃপ্রোত ভাবে জড়িত, তাই এই সংখ্যা-টিতে সামান্যভাবে বিশেষত্ব দেবার চেষ্টা করা হয়েছে। চিকিৎসায় যাঁরা ব্রতী তাঁরা পূজায় সার্ব্বিকভাবে আনন্দ করিতে অক্ষম, কেন না তখনও রোগী থাকে, চিকিৎসকদেরও পূজার জন্য বিশেষ আয় ( বোনাস ) না থাকায় নিয়মিত জীবিকার্জ্জনে ব্রতী থাকতে হয়। তবু আশা করবো তাঁদের পূজার দিনগুলি আনন্দে অতিবাহিত হউক।

বাঙালীর জীবনে অভিশাপ শারদ উৎসবের আগে বন্যা-এবার এই বন্যা ভয়াবহ আকার ধারণ করেছে। সেবাব্রতী চিকিৎসকদের এই বন্যায় সাহায্য প্রচুর প্রয়োজন। পূজার আনন্দ, জীবে সেবা তথা বন্যাক্লিষ্ট দুর্গতদের সাহায্য চিকিৎসকরা চিকিৎসার মাধ্যমে অর্জ্জন করতে পারেন। আমরা আনন্দের সঙ্গে লক্ষ্য করেছি বহু হোমিও চিকিৎসক এলোপ্যাথ ভাইদের সাথে বন্যা কবলিত স্থানে গিয়ে চিকিৎসা করছেন। আমাদের ক্লাবের সভ্যরা বাগনান, মেদিনীপুর, আমতা, বাঁকুড়ার বন্যাপ্লাবিত এলাকায় হোমিও ক্যাম্প চালাচ্ছেন। হোমিও ডিরেক্টরও ঐ বাবদ সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছেন।

আশা করি, তাদের সেবার মাধ্যমে হোমিওপ্যাথ জনমনে আরও উচ্চাসন লাভে সমর্থ হইবে।

শুভ মহালয়া '৮৫ (১লা অক্টোবর '৭৮) —সম্পাদক

*EDITORIAL :*

## A Great Soul passes away—Most popular Dr. N. C. Chakravarty, our President is no more.

Dr. Netai Charan Chakravarty, our permanent president breathed his last on 9th September last. Dr. Chakravarty was one of the topmost Homoeopaths of India, an educationist, botanist, palmist, a great social worker, the main pillar and founder of our Club. With his death we have lost our guide, preceptor, sympathiser, and the man to whom we could solve any problem of our life. His genial temperament, ever jovial attitude, laughing face were the source of inspiration to all of us. His great thirst for serving ailing humanity, his love and affection for his students, co-workers, and for each and every member of our Club made him one of the most popular figure in West Bengal. Through his piloting our Club, like many other institutions guided by him, made a name in the Homoeo World of India. His indomitable energy, his wits, his thirst for knowing different subjects were an ideal to us. By his death we have lost our Guru, Guide, and a Godly man. It is an irreparable loss to us. We are now at a troubled sea without the Captain to pilot us. If we, even by a fraction, can emulate his behaviour in our daily life then we will be benifitted and be successful in our lives. By following his ideal we can really show respect to the great soul. So, our appeal to all concerned is to try to fulfill his mission which will be the true memorial. By his death a void has been created which is hardly replacable. We hope, Netaida will guide us from the world above and appeal to the great soul which we are sure is resting in peace.

Protect us and our Club,
In trouble and despair.
In anxiety and fear
Oh **NETAIDA** let us feel
That thou art near.

—**Nirmal Kumar Sarkar**

# Late Dr. Netai Charan Chakravarty's Life Sketch.

—Staff reporter

Our Dr. N. C. Chakravarty was born on 24th Dec, 1900. As morning shows the day so Netaida also showed signs of greatness from his early childhood. After completing his school studies, he took admission in Homoeo College where from he got his Diploma securing gold medal. He began practising Homoeopathy since then and also joined Mackinon Mackenzie as an employee where after serving for 27 years he took Voluntary retirement to devote himself fully in Homoeopathy. He practised Homoeopathy for more than 50 years and became one of the topmost Homoeopath of India. Homoeopathic Council of West Bengal conferred on him M.D.(H) in recognition of his service. He made Homoeopathy popular by his marvellous cures. He was the Principal, one of the Founders, Secretary, Superintendent of hospital of Mahesh Bhattacharya Homoeopathic Medical College ( Formerly Sankar Math College ) since its very inception till death. He was a great teacher having a deep knowledge in all branches of Homoeopathy and was an expert in Organon and Materia Medica specially. He was one of the founders and permanent President of Homœo Medical Club, West Bengal up to the last day and was the Chairman of the editorial board of the Club's organ, Homoeo Medical Club Patrika. The Club & Patrika under his able guidance made a name in Homoeo regime of India. He was a member of the General Council of State Faculty of Homoeopathy (W.B.) since its starting in 1944.

He was the Commissioner of Howrah Municipality (Now Corporation) for 15 years from 1944 and was one of the founders of the United Progressive Block (U. P. B.) which captured Municipality and made a stir in the province. The American journals described it as 'Howrah has gone red.' This U. P. B. is the seed of Juktafront (United Front) of the province. He with late Kartik Dutta was one of the founders and executive member of Howrah T.B. Hospital. The plan of starting Homoeo charitable dispensary under municipal adminstration was his plan which was fulfilled by his worthy son Dr. B. N. Chakravarty, as a commissioner. It is unique in India. He was a good organiser and was connected with almost all the social and educational concerns of the locality.

He also engaged himself in Co-operative movement and was the founder of Bandhab Samabai Samity and Co-op. shop and Kasundia Co-operative Society and Bank. He was a horticulturist, astronomer, and lover of animals and had a deep study on them. He was born according to English timings at 4 A.M. on 25th Dec., X'mas day and like Jesus loved both his friends and foes, rich or poor and irrespective of caste and creed. So also he was loved and respected by all who happened to meet him. He contributed more than a lakh of rupees to M. B. H. M. college from his salary, pension (Mackinon's) his fees for the last few years and all the amount earned in pay clinic which he attended daily for few years. Many students could prosecute their studies only by his financial aid. He was a great traveller and travelled on foot inaccessible portions of Himalaya. He died on 9th Sept. last at 10-15 P.M. He was conscious till the last moment of his death. He has left behind him three sons, Dr. B. N. Chakravarty (Advisor, Homoeopathy W. B. Govt.), Dr. K. N. Chakravarty (lecturer & Asst. Secy. M. B. H. M. College), Biswaroop Chakravarty (Accountant) and a host of relatives, co-workers and admirers to mourn his loss.

## Funeral

With the news in Radio in the morning of 10th Sept. numerous people thronged at his residence at 5, Subal Koley Lane, to show their respect to Dr. N. C. Chakravarty. Almost all the renowned Homoeo-paths of the province, many renowned Allopaths, Social workers, Political leaders paid visit to **Netaida** who was lynig in State. Wreaths after wreaths came. Condolence messages are still coming from all parts of the country. His body was carried in a procession followed by hundreds of his admirers. It stopped at Kasundia Bank, Dharmatalla Baroari, Homœo Medical Club, M. B. H. M. College, Sanskrit Sahitya Samaj, Howrah Municipality where wreaths were offered. The body succumbed to fire at Banstalah ghat just after 24 hrs. The members of the Homœo Medical Club and staff of M. B. H. M. college were in the management from morning till the funeral ended.

"......So that our indwelling, reason-gifted mind can freely employ this living healthy body for the higher purposes of our existance."

—**Dr. S. Hahnemann**

# Effects on Birth Control by Tubectomy Against the Homœopathic Medicines.

( **Specially Contributed** )

—**Dr. M. C. Dutt,** *M.Sc. ; D.Sc. ; M.D. (H) ;*

After the last continued publicity.

There is a loss of tissue and disturbance or clear interference, in the normal functions of the female productive organ as a whole, after Tubectomy, therefore there is a change in the environment of the part involved, and the effects of which in, with a permanent scars of the tubes. According to the Science each organ has a function all its own, for the benefit of the organism. The correct medical treatment for a medical problem should be such that it would solve the problem without provoking any other. Nature wipes out those who have allowed any unnatural disturbance in the normal functions of the individual organ, and connected tissues, without mercy for disobeying Her Law.

The number of cases of Tubectomy to prevent conceptions is steadily on the increase, not because of its popularity or outstanding comforts and benefits, but for varied reasons. The present number of Tubectomy is far ahead of the cases of Vasectomy. The many dodges in attaining the stupendous figure of increasable cases of Tubectomy

[ Late Dr. Dutta sent some valuable articles to our Secy. Dr. Arun Kumar Mitra which we are publishing by instalments.—Editor. ]

need not be dwelt upon but the almost uniform results of tubectomy, as found in my professional practice are as follows :

1. The breasts shrival, and in the extreme cases almost disappear and shrink into shocking ugliness.

2. The great female characteristics diminish and the individual is apt to become hairy in the face and elsewhere, while the rotundity of the limbs is a thing of the past. The limbs are often are scraggy and thin or if obese, flabby and old.

3. The nerves are greatly affected, and there is almost always Neurasthaenia and the once sweet woman become irritable, and cross and miserable,

4. Spinal irritation is very common.

5. The utrus is the greatest sufferer of all. It has been cheated and it thus resents the wrong done to it with terrible vigour. It becomes enlarged, hard, and gristly, and in due course the seat of Tumors of various kinds.

6. The woman after Tubectomy develops morning sickness analogous to that of dyspeptic, with no end of other dyspeptic troubles.

Besides these the menses come to difficulty, and the acute or chronic inflamations leading to Tuberculous or Cancerous disease of the pelvic organs develop.

In a medical work on interference in the functions of the productive organs of women it is stated that the genesiac fraud causes a debased state of the whole genital sphere. I, as a student of Science of Healing hold strong opinion on the question of Tubectomy, and according to

me, it is damnable, pernicious, shallow in conception, wrong in thoery, and harmful in practice. I have deepest sympathy for the suffering women after Tubectomy, because I feel that they are subjected to the untold suffering by the force of events controlled by men. I find considerable logic in when the women grumble that men are selfish and since they have the ecnomic power and social power and are the framers of rules and customs, they easily thrust all kinds painful and cumbersome existence on them. Since vesectomy is more simple, and said to be harmless and less painful or reported to be without serious complication, the Nations could go ahead naturally in making Vesectomy compulsory for each male member of the family who has more than 2 issues or children and perhaps penalise them heavily for becoming a procreator of more number of children, for a National cause.

Majority of times the main initiative for the untimely, and uncontrolled sexual intercourse generally originates from the male member. The source of excess sexual meetings calls for the regulation, for the success of the birth control drive. The Nation has a duty to save the women from the scourge of Cancer, other painful disease in the female organs, and the sufferings from the frequent, undesirable and lamentable pregnancy or birth of a child. Any serious neglect in this regard will give the Nation sick mothers, and in the course of next few years, many unbalanced women, many backward children and unhappy homes. The amount of infelicity that can arise from a single woman, if she is unwell and is inconceivable. A sick mother will give weak and under developed children, who are the future of the Nation. Therefore the issue pertainig to Tubectomy is calling loudly the serious attention of those who propel the propensity about it for a severe and close study and investigation.

The physician wrong, when it is commited in the earlier life

there are more pronounced ill effcets. I do not preach against the Tubectomy as such, nor at the sufferers, as I see many of them in my professional practice, but I do not hesitate to tell them plainly the price that has to be paid for acting on wrong medical advice, and their own wrong doings, through the mental, physical, and moral deterioration and degradation. If a woman wants to grow prematuredly old, ugly, and miserable the quickest and most certain way, I know of, is to participate in excessive sexual connections and then try to escape the chances of conception, by drugging and mechanical process or operation.

A great deal of harm is done by the unrestricted sexual intercourse, to the female partener. Restraint and monderation are called for the good of the family and the Nation. The male member should have enough sense to be guided by the feelings of the female side or partener and experience of the happy meetings in relation to the sexual intercourse. It is a crime when he works under passion and excitement. Freud undoubtedly over stressed the importance of sex and his teachings are the legitimate excuse for immoral sexual freedom by the sex-saturated mentality of great number. These have seized upont he unholy and depraved medical practitioners and others who have the power to exploit circumstances for their own ends in the current times. Plainly speaking the Tubectomy happens to be their baby. It is not a product of a true scientific study and discovery with unalterable facts.

For those who try to live according to the natural law, the physical, spiritual and intellectual companionship of holy marraige oan and does become increasingly beautiful with the passing years, and they can enjoy the full benefit of the Science of Homœopathic System of Medicine in regulating the health of the family and the size of the family without undergoing unnecessary trotures of drugs and operations. Those who suffer gremly from the effects of abuse of sexual intercourse and the reproductive unbalance can find hope and cure in Homœopathy

applied by a skilled practioner. This does not mean by any chance that the mutilated organ can be replaced or revitalised. In fine, it can be seen from the facts explained that Homœopathy can help Birth Control if the marraied life is same.

Like all blessings, marraied love and happiness are well worth striving without Tubectomy and with the highest form of love coated with the morality, which makes for happiness and peace and which is not a question of piety, but of common sense. An affinity of companionship between the husband and the wife is what that matters and respect for one another will endure the successful matrimony. Love of self is an opposition to love infinite. The love is self-suffering, kind, without pride, is well behaved and seeks nothing in return and is not easily provoked, and never thinks of evil of anybody whom the lover loves. Marraid love is the Divine Measuring Rod ; not knowledge, not great deed, not exceptional ability, but service to one whom one loves after marraige. The children come when they are invited willingly or unwillingly. In the happy marraid the children come when they are invited by using the Divine Measuring Scale. There is hardly any need for Tubectomy or interference in the female organs when the life is in the celestial love. Homœopathy which has flown out of Divine Rules is always there to help happy marraid couples in their difficulties.

—)0(—

# প্রতিষেধক চিকিৎসা ও হোমিওপ্যাথি

—ডাঃ স্বামী ভূমানন্দ (মেদিনীপুর)।

শাস্ত্রে আছে—"শরীরং ব্যাধি মন্দিরং" শরীর থাকিলেই ব্যাধি থাকিবেই। ভগবান সৃষ্টি সহ যেমন ব্যাধির সৃষ্টি করিয়াছেন তেমন ব্যাধির প্রতিকারের জন্যও ঔষধের সৃষ্টি করিয়াছেন, অনাদি কাল হইতে ব্যাধি নিরাময়ের ও প্রতিরোধের মানুষের চেষ্টার অন্ত নাই, তার ফলে আবিষ্কৃত হইয়াছে ব্যাধির ঔষধ ও ব্যাধি যাহাতে না আক্রমণ করিতে পারে তাহার ঔষধ।

প্রতিষেধ অর্থে রোগাক্রান্ত হইবার প্রবণতা দূরকরা। ঔষধ ও সম্যক্ স্বাস্থ্যনীতি পালন দ্বারা পূর্ব্ব হইতে সচেতন থাকিলে ভবিষ্যতে রোগাক্রমণ করিতে পারে না বা রোগ আক্রমণ করিলেও তার ভীষণতা বৃদ্ধিপ্রাপ্ত হইতে পারে না তাহাকে প্রতিষেধক বলে।

বহুপূর্ব্বে মানুষের ধারণা ছিল—ব্যাধি ভগবানের অভিশাপ দেবতাবৃন্দের রোষ! তাই সূর্য্য, চন্দ্র প্রভৃতি দেবতাগণের আরাধনা দ্বারা তাঁহাদের সন্তোষবিধানের ব্যবস্থা করা হইত।

আয়ুর্ব্বেদ চিকিৎসা শাস্ত্রেরও নানাবিধ প্রতিষেধক ব্যবস্থা আছে। রবার্ট কথ্, লুই-পাস্তুর, এডওয়ার্ড জেনার প্রমুখ আধুনিক চিকিৎসা বিজ্ঞানীরা নানা প্রকার রোগ জীবাণুর আবিষ্কার করিয়াছেন এবং সেই সকল জীবাণুনাশক নানাপ্রকার ঔষধ আবিষ্কার করতঃ সেই সকল রোগ প্রতিষেধকের ব্যবস্থা করিয়াছেন, যথা কলেরার জীবাণু 'Vibrio Cholera' বা 'Comma Bacillus' তার প্রতিষেধের জন্য Cholera Vaccine-এর ব্যবস্থা ইত্যাদি।

হোমিওপ্যাথিতে প্রতিষেধক সম্বন্ধে বর্ত্তমান আলোচনায় আসা যাক। মহাত্মা হ্যানিম্যান তৎপ্রণীত অর্গ্যাননের ৪নং সূত্রে বলিয়াছেন, "যে সকল বস্তু

স্বাস্থ্যভঙ্গ করিয়া রোগ উৎপাদন করে তাহাদের এবং কি প্রকারে সুস্থ ব্যক্তিদের নিকট হইতে তৎসমস্ত দূর করিতে হয় তাহা যদি চিকিৎসকের জানা থাকে তবেই তিনি একজন স্বাস্থ্যের রক্ষক বা প্রকৃত জ্ঞানী চিকিৎসক"।

এই সূত্রের সারমর্ম্ম এই যে, চিকিৎসকের স্বাস্থ্যরক্ষার নীতিগুলি সম্যক বিদিত হওয়া আবশ্যক এবং রোগ আরোগ্যকরা অপেক্ষা রোগ যাহাতে না হইতে পারে অর্থাৎ রোগের প্রতিষেধক সম্বন্ধেও বিদিত হওয়া আবশ্যক। ইহা দ্বারা স্পষ্টই বুঝা যাইতেছে যে, মহাত্মা হ্যানিম্যান সুস্থ শরীরে রোগ প্রতিষেধকের কথা বলিয়াছেন। ৬ষ্ঠ সংস্করণ অর্গাননের ১৭নং ফুট নোটে দেখা যায় মহাত্মা হ্যানিম্যান স্বয়ং 'বেলেডোনা' কে স্কার্লেটিনা রোগের প্রতিষেধকরূপে ঘোষনা করিয়াছেন। কারণ 'বেলেডোনা' স্কার্লেটিনা রোগের প্রাথমিক অবস্থার সদৃশ লক্ষণ উৎপন্ন করিতে সমর্থ।

মহাত্মা হ্যানিম্যানকে প্রতিষেধক চিকিৎসার প্রথম পথিকৃৎ বলা চলে। সেজন্য সমস্ত জগৎ তাঁর নিকট ঋণী। তিনি বহু পরীক্ষা নিরীক্ষার পর এই স্থির সিদ্ধান্তে উপনীত হইলেন যে, "যে ঔষধ রোগের প্রথমাবস্থা দমন করিতে পারে. সেই ঔষধ সেই রোগের উৎকৃষ্ট প্রতিষেধক"।

মহাত্মা হ্যানিম্যান ১৮৩১ খৃষ্টাব্দে ইউরোপে কলেরার প্রাদুর্ভাব সময়ে কেবল রোগলক্ষণ শুনিয়া তাঁর সুস্থ শরীরে পরীক্ষালব্ধ লক্ষণের সহিত সাদৃশ্য হওয়ায় 'ক্যাম্ফার' ব্যবহারের উপদেশ দেন, তখন ইউরোপের অনেকেই শক্তিকৃত 'ক্যাম্ফার' ব্যবহারে কলেরার কবল হইতে অব্যাহিত পান। এবং হ্যানিম্যান শ্রেষ্ঠ চিকিৎসকরূপে পরিগনিত হন। অবশ্য তৎকালীন কলেরা মহামারীর অধিকাংশ রোগই 'ক্যাম্ফার' লক্ষণের সদৃশ্য ছিল।

হোমিওপ্যাথি আরোগ্যনীতি যেমন প্রাকৃতিক শাশ্বত নীতির উপর সুপ্রতিষ্ঠিত। প্রতিষেধক চিকিৎসাও সেইরূপ প্রাকৃতিক নীতির উপর প্রতিষ্ঠিত, ব্যক্তিগত মতানুযায়ী তাহা হইতেই পারে না। প্রাকৃতিক নীতি অনুযায়ীই প্রতিষেধক ঔষধ নির্ব্বাচন আবশ্যক।

প্রত্যেক রোগীকে তাহার বৈশিষ্ট্যানুযায়ী ধাতুগত দোষের চিকিৎসাই প্রকৃত হোমিওপ্যাথিক প্রতিষেধক চিকিৎসা। সোরাদোষই সর্ব্ববিধ নূতন ও পুরাতন রোগের কারণ। সংক্রামক রোগ ও তরুণ রোগ সোরার সাময়িক উচ্ছাস ব্যতীত আর কিছুই নহে। সুতরাং সোরানাশক চিকিৎসাই প্রকৃত প্রতিষেধক চিকিৎসা। এবং হোমিওপ্যাথিই সর্ব্বশ্রেষ্ঠ প্রতিষেধক চিকিৎসা।

আধুনিক চিকিৎসায় দেহের তত্ত্ববিপর্য্যয়ই ব্যাধি এবং বিবিধ জীবাণু রোগের কারণ – ঔষধ স্থুল, সুস্থ মানবদেহে সুপরীক্ষিত নহে। চিকিৎসা ও সমষ্টিগত বাঁধাগদে সকলের একরূপ চিকিৎসা, সকলেরই একরূপ প্রতিষেধকের ব্যবস্থা। সিরাম, ভ্যাক্সিন্ প্রভৃতি আধুনিক প্রচলিত প্রতিষেধক দ্বারা ব্যাধি-গুলির সাময়িক প্রতিরোধ হইলেও রোগীর নানারূপ প্রতিক্রিয়া দৃষ্ট হয় এবং নানা উপসর্গে আজীবন কষ্ট পায়। টীকা ভ্যাক্সিন্ প্রভৃতির কুফলে 'সাই-কোসিসের' প্রাবল্য দেখা গিয়াছে। বাত, থ্রম্বোসিস্, ক্যান্সার, চক্ষুরোগ প্রভৃতি বৃদ্ধির মূলেই ঐ দোষ।

সোরা দোষমুক্ত শরীরে কোন জীবাণু সক্রিয় হইতে পারেনা। তাই দেখা যায় – জনপদব্যাপি সংক্রামক ব্যাধির প্রাদুর্ভাব কালেও সকল ব্যক্তি আক্রান্ত হয় না, – পক্ষান্তরে একই ব্যাধিতে সকলে আক্রান্ত হইলেও সকলের অবস্থা বা বিকার একরূপ হয় না। সুতরাং ব্যক্তিগতভাবে উপযুক্ত সদৃশ হোমিও ঔষধ দ্বারা সোরা নাশক চিকিৎসাই একমাত্র উপযুক্ত প্রতিষেধক ব্যবস্থা তাহা একমাত্র হোমিওপ্যাথি চিকিৎসায় সম্ভব। তদ্ব্যতীত বিশ্বের অন্য কোন চিকিৎসা পদ্ধতিতে সম্ভব নহে ও নির্দ্দোষ নহে।

কলেরা, বসন্ত প্রভৃতি সংক্রামক রোগের মহামারীর প্রাক্কালে যদি উপযুক্ত সুস্থ নর-নারীকে উপযুক্ত প্রতিষেধক ঔষধ সেবন করান হয় তাহা হইলে উক্ত সংক্রামক রোগাদি বিস্তৃতি লাভ করিতে পারেনা কিন্তু প্রত্যেক মহামারীর সময় একই প্রতিষেধক ঔষধের আবশ্যক হয় না। রোগাক্রান্ত অধিক সংখ্যক ব্যক্তির লক্ষণের সহিত যে ঔষধের সাদৃশ্য থাকে বা যে সদৃশ ঔষধে অধিকাংশ রোগী আরোগ্যলাভ করে

সেই ঔষধই সেই সময়কার এপিডেমিকের একমাত্র ঔষধ। (অর্গা ১০০-১০২ অনুঃ) পক্ষান্তরে পূর্ব্বের কোনও মহামারী গতবারে যে ঔষধ প্রয়োগে উপকৃত হইয়াছিল, এবার মহামারীতেও সেই ঔষধে আরোগ্য হইবে এই ধারণা অনুচিত। প্রত্যেক রোগীর চিকিৎসা ও প্রতিষেধক রোগীর বিশেষত্ব বা প্রত্যেক মহামারীর বিশেষত্বের উপর নির্ভর করে সুতরাং প্রত্যেক মহামারীর প্রত্যেক রোগকেই প্রকৃত হোমিও চিকিৎসক নূতন ও অজ্ঞাত ধারণায় পরিদর্শন, পরীক্ষা ও ঔষধ সুনির্ব্বাচন আবশ্যক। (অর্গাঃ ১০৩ অনু) ইহাই সংক্রামক রোগের প্রতিষেধক ঔষধ নির্দ্ধারণের জন্য হ্যানিম্যানের উপদেশ।

প্রত্যুতঃ যে কোন মারাত্মক ব্যাধির প্রবণতাবস্থার প্রারম্ভেই হোমিও সদৃশ ঔষধ প্রয়োগে সে ব্যাধি অঙ্কুরে বিনষ্ট হয়। তাই যক্ষা, ক্যান্সার, হার্ট-ডিজিজ প্রভৃতির প্রবণতাবস্থায় হোমিও সুচিকিৎসকের অধীনে আসিলে আর ঐ ব্যাধি দ্বারা আক্রান্ত হইবার সম্ভাবনা থাকে না, কিন্তু ক'জনই বা ঐরূপ প্রবণতাবস্থায় চিকিৎসা হইবার চেষ্টা করেন বা প্রবনতাবস্থা উপলব্ধি করিতে সমর্থ হন। একমাত্র সূক্ষ্মদর্শী তীক্ষ্ণ পর্যবেক্ষণশীল হোমিও সুচিকিৎসক ব্যতীত রোগীর প্রবণতাবস্থা উপলব্ধি করিতে সমর্থ নন।

যাঁহাদের বংশগত থাইসিস্, সিফিলিস্ প্রভৃতি দোষের বিবরণ পাওয়া যায় তাঁহাদের শিশু অবস্থায় হোমিও প্রতিষেধক ঔষধাদির ব্যবস্থা করিলে ঐ সকল ব্যাধির প্রতিরোধ করা সম্ভব হয়। ভবিষ্যতে আর ঐ-ঐ রোগ হইতে পারে না। পিতা-মাতার অর্জ্জিত কোন দোষ থাকিলে জননীর গর্ভাবস্থায় উপযুক্ত ঔষধ সদৃশ লক্ষণে প্রয়োগে প্রতিষেধকের কাজ করে ও সে দোষ নষ্ট হয়। হোমিওপ্যাথি ব্যতীত অন্য কোন চিকিৎসায় তাহা সম্ভব নহে।

ডাঃ কেন্ট, হেরিং প্রভৃতি হোমিও পূর্ব্বসূরীগণ সংক্রামক ও অন্যান্য সম্ভাব্য রোগাদির প্রতিষেধক হিসাবে সফলতার সহিত হোমিও ঔষধ ব্যবহার করিয়া আসিয়াছেন ও ব্যবহারের নির্দ্দেশ দান করিয়াছেন তাহা অবশ্য আমাদের ক্ষেত্রবিশেষে অনুসরণীয় যথা কলেরায় কুপ্রাম, ভিরেট্রম, বসন্তরোগে ম্যালাণ্ড্রিনাম্, ভেরিওলিনাম্, থুজা ইত্যাদি। হামরোগে মর্ব্বিলিনাম্, ডিপথিরিয়া রোগে ডিপথেরিনাম্ ইত্যাদি।

অতএব বোধগম্য হইল এই যে, অন্যান্য পদ্ধতির প্রতিষেধক ঔষধাদি অপেক্ষা হোমিও প্রতিষেধক চিকিৎসা সর্ব্বোৎকৃষ্ট নির্দ্দোষ ও সুফলদায়ক সন্দেহ নাই। রোগার্ত্তের কল্যাণাকাঙ্খী সুচিকিৎসকের কর্ত্তব্য জনগনকে সচেতন করণ ও প্রতিষেধকের ব্যবস্থাদান। তবেই ধর্ম্মার্থ কাম মোক্ষের অধিকারী হইবেন। তাই বেদের সুরে সুর মিলাইয়া বলি—"সর্ব্বে সুখিনঃ ভবন্তু সর্ব্বে সন্তু নিরাময়াঃ"॥ ইহাই আমাদের একমাত্র কাম্য।

---

## সর্ব্বসাধারণের প্রতি আবেদন

স্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া, হাওড়া

ও

জাতীয় সেবা প্রকল্প, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে

# হাওড়া জেলা ঔষধ ব্যাঙ্ক

গরীব ও দুঃস্থ রোগীদের জন্য দাতব্য চিকিৎসালয়ের মাধ্যমে অবশ্যই চিকিৎসকের পরামর্শ অনুযায়ী এ্যালোপ্যাথি ও হোমিওপ্যাথি ঔষধ বিতরণের জন্য ঔষধ ব্যাঙ্ক স্থাপন করা হয়েছে। হাওড়া জেলার ষ্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার প্রত্যেকটি শাখা এবং সাব অফিসে ঔষধ জমা দেওয়ার জন্য বিশেষ বাক্স রাখা হয়েছে ( বর্তমানে সংখ্যা ২২টি )। বাড়ীতে ঔষধ বাড়তি হলে প্রয়োজনে না লাগলে অথবা আপনারা সংগ্রহ করে সাহায্য হিসাবে আপনাদের নিকটবর্ত্তী ষ্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়াকে দয়া করে ঔষধ বাক্সে জমা দিয়ে দিন, তারপর সেগুলি সংগ্রহ করে দাতব্য চিকিৎসালয়ের মারফৎ দুঃস্থ রোগীদের কাছে পৌঁছে দেবার ব্যবস্থা নেওয়া হয়েছে।

সমাজের সর্ব্বস্তরের মানুষের কাছে বিভিন্ন জনহিতকর সংস্থার কাছে, সকল ঔষধ প্রস্তুতকারককেও, বিক্রেতার কাছে সক্রিয় সাহায্য ও সহযোগিতার আন্তরিক আবেদন করা যাইতেছে।

ঔষধের ট্যাবলেট, ক্যাপলেট, ক্যাপশুল, সম্পূর্ণ সংরক্ষিত অবস্থায়, পাউডার, লিকুইড, টনিক এবং ইনজেকশন গ্রহণ করা হবে। বলা নিষ্প্রয়োজন, অবশ্যই সমস্ত ঔষধাদি ব্যবহার যোগ্য হওয়া দরকার। আবেদনকারী –

ডাঃ দীনবন্ধু বন্দ্যোপাধ্যায়

সাধারণ সম্পাদক, * হাওড়া জেলা ঔষধ ব্যাঙ্ক *




[ মতামতের জন্য সম্পাদক দায়ী নহেন ]

ডাঃ নগেন নিয়োগী (কলিকাতা)

প্রশ্ন : প্রতি সপ্তাহে বা ২ সপ্তাহ অন্তর কোন গভীর ক্রিয়াশীল ঔষুধ ব্যবহার হয় কিনা ? ( গত মাসের প্রশ্নোত্তরের বিভাগের উত্তর অনুযায়ী )

উত্তর : প্রতি সপ্তাহে বা ২ সপ্তাহে একটি করে গভীর ক্রিয়াশীল ঔষুধ অনেক হাতুড়ে হোমিওপ্যাথ প্রায়ই পরিবর্তন করে অন্যায় ভাবে রোগীর চিকিৎসায় প্রয়োগ করে থাকেন। বেশীর ভাগ ক্ষেত্রে এই ক্ষতিকর সাথে কিছু ফল না পাওয়া গেলেও এবং কোন ঔষুধে ঠিক কাজ হয়েছে বোঝা না গেলেও দৈবাৎ রোগ আরোগ্য হতে দেখা যায়। এটা সম্পূর্ণ হোমিও বিরোধী কাজ। কিন্তু বাস্তবে এটা প্রায়ই ঘটে।

আপনার এবারের প্রশ্নের উত্তরে জানাই যে ডোজের অর্থ মাত্রা এবং পোটেন্সি হচ্ছে ঔষুধের সূক্ষ্ম স্তরের পরিচয়। অর্গাননের ২৭৯ নং অনুচ্ছেদে হ্যানিম্যান বলেছেন, যে সূক্ষ্ম ঔষুধ যদি সঠিকভাবে প্রয়োগ করা যায়, তবে তার পরিমাণ যত স্বল্পই হোক রোগকে সম্পূর্ণভাবে বা আংশিক ভাবে আরোগ্যের জন্য কোন বাধা থাকে না। অবশ্য যদি সেখানে অন্য কোন বাধা না থাকে।

শ্রীঅজিত নায়ক (ছাত্র)

প্রশ্ন : এখন নাকি চিকিৎসকদের প্রাইভেট প্রাকটিশের সুযোগ আমাদের দেশে নাই সেজন্য চাকুরীর দিকে চিকিৎসকেরা ঝুঁকছেন। এ বিষয়ে আপনাদের মতামত কি ?

উত্তর : কথাটা অনেকখানি সত্য। তবে বর্তমান যুগের মানুষ এমন কি গ্রামেও রোগীরা প্রাইভেট চিকিৎসকের চেয়ে সরকারী চিকিৎসকের দিকে ঝোঁকেন বেশী। অবশ্য এর কারণ সরকারী স্বাস্থ্য কেন্দ্র, হাসপাতালের সুযোগ আগেকার চেয়ে বর্তমানে অনেক বেড়েছে, তার ওপর আছে মানুষের আর্থিক দুরাবস্থা। সাধারণ মানুষও যুগের হাওয়ায় টাকা খরচ করে নার্সিং হোম অথবা বিশেষজ্ঞ ঘেঁষা ক্রমে হয়ে পড়ছেন। আগেকার দিনে যেখানে বাড়ীতেই বহু প্রসূতি সন্তান প্রসব করতেন, সেখানে সকলেই স্বাস্থ্য কেন্দ্র, হাসপাতাল অথবা নার্সিং হোমে যেতে চান। কলেরা, ডিপথিরিয়া ইত্যাদি ধরণের ছোঁয়াচে রোগগুলির চিকিৎসার সুযোগও সাধারণ চিকিৎসকদের ব্যক্তিগতভাবে আজকাল প্রায় নাই। অবশ্য বিশ্বাসযোগ্য অভিজ্ঞ চিকিৎসকের অভাবও ঐ ধরণের রোগীর জন্য চিকিৎসককে যে শ্রম দিতে হয় সেটা পূরণ করা সাধারণের সাধ্যের বাইরে হওয়াও একটা বিশেষ কারণ।

শ্রীমনোজ দাস (সাঁকরাইল)

প্রশ্ন : জনস্বাস্থ্যে আদর্শগ্রাম প্রকল্পে শোনা যাচ্ছে এলোপ্যাথির সঙ্গে হোমিওপ্যাথির চিকিৎসকরা সহযোগিতা করছেন। এটা কিভাবে হচ্ছে জানতে চাই।

উত্তর : কেবল এই প্রকল্পে নয় এলোপ্যাথিক চিকিৎসক বন্ধুদের সঙ্গে হোমিওপ্যাথিক চিকিৎসকেরা বহু প্রতিষ্ঠানেই পাশাপাশি সুশৃঙ্খলে কাজ করছেন। এই প্রকল্পে গ্রামের মানুষের জন্য উভয় চিকিৎসা ব্যবস্থার সঙ্গে রোগপ্রতিরোধের জন্য যেমন টিকা, ভ্যাকসিন ইত্যাদি থাকছে তেমনি, হোমিও রোগপ্রতিরোধ ব্যবস্থাও থাকছে। যাঁর যেটি সুবিধে

তিনি সেটি গ্রহণ করেছেন। এর ফলে হোমিওপ্যাথির প্রচার ও প্রসার আরও ত্বরান্বিত হচ্ছে। ঐ সকল প্রকল্পে দেখা যাচ্ছে এলোপ্যাথির চেয়ে হোমিওপ্যাথিক বিভাগ সহজে চালু করা যাচ্ছে। কারণ, হোমিও-প্যাথি বিভাগ খুলতে এলোপ্যাথির মত বিভিন্ন রকমের ঝামেলা নাই। ফলে, গ্রামের প্রকল্পগুলিতে হোমিওপ্যাথি অধিকতর জনপ্রিয়তা অর্জনের সুযোগ পাচ্ছে।

শ্রীনির্ম্মল সাহা (বারাসাত)

প্রশ্ন : কিছু পুষ্টিকর খাদ্যদ্রব্যের নাম জানালে বাধিত হবো।

উত্তর : পুষ্টিকর খাবার অনেক রকম আছে। তবে, যে কোন একটি শ্রেণীর পুষ্টিকর খাবার গ্রহণ করলে শরীর সুস্থ থাকে না। আবার পুষ্টিকর খাবার ধনী ও দরিদ্রের উপযোগী বেশী বা কম মূল্যের হতে পারে। মোট-কথা শরীরকে সুস্থ রাখতে হলে ২৫০০ – ৩০০০ ক্যালরী বয়স্ক লোকের যেমন দরকার তেমনি দরকার ব্যালান্সড্ খাদ্য অর্থাৎ ফ্যাট (তেল, ঘি জাতীয়), কার্বহাইড্রেট (ভাত, আলু, চিনি ইত্যাদি শর্করা জাতীয়), প্রোটিন (মাছ, মাংস, ডিম, ছানা ইত্যাদি আমিষ জাতীয়), ভিটামিন, খনিজদ্রব্য ইত্যাদি বিভিন্ন শ্রেণীর খাদ্যবস্তু। এ সকল বস্তুগুলির প্রয়োজন মেটাবার জন্য মানুষ পাঁচ তারকা বিশিষ্ট আধুনিক হোটেলে অথবা সাধারণ গ্রামের চাষীর বাড়ীর খাবারের মেনুর মধ্যে পেতে পারেন। নামী-দামী ইউরোপিয়ন খাবার ও মাছ মাংস, দুধ, ছানা ইত্যাদি সাধা-রণের নাগালের বাইরে হলেও সাধারণ জিনিষের মধ্যে অপেক্ষাকৃত কম মূল্যে পুষ্টিকর খাবার পাওয়া সম্ভব। যেমন ভাতের ফেন, ভুষিসমেত আটা, শাক, কচু, গুড়, বাদাম, নারকেল, রাঙালু, টকফল, ডাল, গুগ্‌লী, কুঁচোমাছ, থোড়, মোচা, ডুমুর, সপেদাফল, কলা, কুমড়ো, ঢেঁকিছাঁটা চালের ভাত, গ্রামের চাষীর বাড়ীর শব্জী ইত্যাদি বস্তু যেগুলো সহরের মানুষ অনাদর করলেও এগুলোকে যথেষ্ট কমমূল্যের পুষ্টিকর খাদ্য বলা যায় (যদিও এই সকল জিনিষের দামও সম্প্রতি যথেষ্ট বেড়েছে)।

শ্রীমতী লীনা বক্সি (মেদিনীপুর)

প্রশ্ন : আমার কন্যার বয়স সাত মাস। দুধে অরুচি এবং দাঁত উঠেনি। কি খাবার দেওয়া যাবে জানালে বাধিত হবো।

উত্তর : কন্যার যখন সাত মাস বয়স তখন দুধের দিকে খুব জবরদস্তি করে চেষ্টা না করে কঠিন খাদ্য কিছু দেওয়ার চেষ্টা করুন। যেমন – নরম ভাত, রুটি, ফল, বিস্কুট, সন্দেশ, ডিম ইত্যাদি। তবে এগুলো সব পেটের অবস্থা ও সহ্যকরার ক্ষমতা অনুযায়ী দেবেন। কঠিন খাদ্য খেতে আরম্ভ করলে দুধ ক্রমে কমিয়ে আনলেও আপত্তি নাই। তবে যদি কোন খাদ্যই খেতে না চায় ; তবে খুব বেশী ব্যস্ত হয়ে কড়া টনিক বা ওষুধ সহজে খাওয়াবেন না। কিছুদিন অক্ষুধা থাকার সময় খাওয়ানো কম করলেই নিজে দু-চার দিন পরে খাবে। বলপ্রয়োগ করে বা ভয় দেখিয়ে বেশী খাওয়াবেন না। তাতে না খাওয়ার চেয়ে ক্ষতি হবে। তাছাড়া অনিয়মিত টুকি-টাকি খাওয়ানো অথবা অক্ষুধার সময় বার বার খাওয়াবার পীড়াপীড়িতে খাদ্য অরুচি আরও বাড়ে।

ডাঃ এন. দে (বাঁকুড়া)

প্রশ্ন : এনকেফালাইটিস্ রোগ কিভাবে ছড়াচ্ছে এবং প্রাথমিক লক্ষণ ও হোমিওপ্যাথিক চিকিৎসা জানতে চাই।

উত্তর : এটা জাপানী এনকেফালাইটিস শ্রেণীর কোন সুনির্দ্দিষ্ট এলোপ্যাথিক ও হোমিওপ্যাথিক চিকিৎসা নাই। তবে, লক্ষণ অনুযায়ী ভাল হোমিও-প্যাথিক চিকিৎসা আছে। এটা ছড়াচ্ছে মশার মধ্য দিয়ে। যে সকল মশা গৃহপালিত পশু, শূকর বা পাখীকে ; বেশী কামড়ায়, সে সকল মশা রোগ বিষসহ যদি মানুষকে কামড়ায় ; তবে, রোগাক্রান্ত হওয়ার সম্ভাবনা। অবশ্য ঐ শ্রেণীর মশা মানুষকে খুব কদাচিৎ কামড়ায় বলেই এই রোগ ব্যাপকভাবে ছড়াতে পারছে না। এই রোগের প্রাথমিক লক্ষণ হচ্ছে জ্বর ধীরে ধীরে বাড়ে, মাথার যন্ত্রনা, হাত-পায়ে খিঁচুনি ও অজ্ঞান হয়ে পড়া। জাপান থেকে কিছু টিকা এসেছে ১ সপ্তাহ বা ২ সপ্তাহ অন্তর নিতে

হয় একে প্রতিরোধ করার জন্য। মশার কামড় থেকে সাবধান হওয়া বিশেষ দরকার। হোমিওপ্যাথিক বেলেডোনা বা অন্য ঔষুধ ক্ষেত্র বিশেষে এই রোগ প্রতিরোধ করতে পারে।

শ্রীমতী সরলা সেন (কলিকাতা)

প্রশ্ন : অ্যানেস্থেসিয়া দেওয়ার পূর্বে রোগীর অভিভাবকের সম্মতি লাগে। মনে হয়, এটি ক্ষতিকর পদ্ধতি। আপনার মতামত কি ?

উত্তর : অ্যানেস্থেসিয়া নিশ্চয়ই ক্ষতিকর। কিন্তু শল্য চিকিৎসায় এটা একান্ত অপরিহার্য্য। সম্ভব হলে শল্য চিকিৎসককে এড়িয়ে চলা যায়, কিন্তু অ্যানেস্থেসিয়াকে যায় না। অ্যানেস্থেসিয়া দেওয়ার সময় রোগীর মৃত্যু হতে পারে বলেই সম্মতি লাগে। খুব অভিজ্ঞ চিকিৎসকই এই অ্যানেস্থেসিয়া প্রয়োগ করেন। এর বাংলা অর্থ আবেদন। এতে স্নায়ু মণ্ডলীর স্থিতিস্থাবকতা বজায় রেখে কেন্দ্রাভিগ ও কেন্দ্রাতিগ শক্তি প্রবাহের গতি সাময়িক অবরুদ্ধ করা হয়। লোক্যাল অ্যানেস্থেসিয়া বা স্নায়ু শাখার আবেদন জেনারেল অ্যানেস্থেসিয়া বা স্নায়ু কেন্দ্রের আবেদন অপেক্ষা অনেক নিরাপদ। ক্লোরোফর্ম, ঈথর, ট্রাইলিন, ক্লুওথেন, নাইট্রাস, অক্সাইড, সাইক্লোপ্রোপেন, পেন্টোথ্যাল সোডিয়াম, ইনট্রাভ্যাল সোডিয়াম প্রভৃতি গ্যাস, তরল ও কঠিন বস্তুগুলির অ্যানেস্থেসিয়া দেওয়া হয়। এগুলি মানসিক ক্রিয়া, অনুভূতি ক্রিয়া, মাংস পেশীর আকুঞ্চন ক্রিয়া এবং রিফ্লেক্স ক্রিয়া রুদ্ধ বা বন্ধ করতে পারে। প্রতিক্রিয়া দূর করার জন্য, এ ব্যাপারে আরও যন্ত্রের সাহায্য নেওয়া হয়।

ডাঃ বি. কে. দে (আসানসোল)

প্রশ্ন : ই-ই-জি ও ই-সি-জি মধ্যে কিছু পার্থক্য আছে কি না ?

উত্তর : প্রথমটি হচ্ছে ইলেকট্রোএনসেফালোগ্রাফ এবং দ্বিতীয়টি হচ্ছে ইলেকট্রোকার্ডিওগ্রাফ। ই-ই-জি যন্ত্র ১৯২৯ খৃঃ জার্মান চিকিৎসক হান্স বার্জার কর্তৃক আবিষ্কৃত হয়। এবং ই-জি-সি যন্ত্র ১৯০৩ খৃঃ ওলন্দাজ

চিকিৎসক আইনথোভেন কর্তৃক আবিষ্কৃত হয়। প্রথমটি মস্তিষ্কের ক্রিয়া কলাপ নির্ণয় কারক একটি ইলেকট্রনিক পরিবর্ধক এবং রেখালিপি প্রস্তুত কারক অসিলোগ্রাফ যন্ত্রের সমন্বয় বিশেষ। দ্বিতীয়টি হৃৎপিণ্ডের চলাচল নির্দেশক গ্যালভানোমিটার বিশেষ। ই-ই-জি যন্ত্রের সঙ্গে যুক্ত প্রায় ১৪টি স্বল্প বিদ্যুৎবাহী ক্ষুদ্রাকৃতিরা তড়িৎ দ্বারা মস্তকের চর্ম্মে আটকে রাখা হয়। মৃগী, মস্তিষ্কে টিউমার রোগ নির্ণয়ে এবং অনেক সময় অপরাধীর মস্তিষ্কের অবস্থা নির্ণয় এই যন্ত্রে করা হয়। হৃদরোগে হৃৎপিণ্ডের স্পন্দনের গতি প্রকৃতি রেখালিপিতে প্রকাশ করার জন্য ই-সি-জি যন্ত্র ব্যবহার করা হয়। ই-সি-জি যন্ত্রের আর একটা প্রধান অংশ হচ্ছে আলোকচিত্র মুদ্রনের পট্টিকা।

—)0(—

# সংবাদ পরিক্রমা

## হাওড়া জেলা ড্রাগ ব্যাঙ্ক –

ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়া, হাওড়া ও জাতীয় সেবা প্রকল্প, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে ও হোমিও মেডিক্যাল ক্লাব, আই-এম-এ, এইচ-আই-এম-এ, হাওড়া প্রাকৃতিক চিকিৎসা কলেজ ইত্যাদির সক্রিয় সহযোগিতায় উক্ত ড্রাগ ব্যাঙ্কের উদ্বোধন সভা অনুষ্ঠিত হয় গত ১৯শে আগষ্ট রেলওয়ে অফিসার্স ক্লাবে। জেলা শাষিকা শ্রীমতী লীনা চক্রবর্ত্তী এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। প্রধান বিচারপতি শ্রীশঙ্কর প্রসাদ মিত্র মহাশয় উদ্বোধক হিসাবে এই প্রকল্পের কয়েকটা অসুবিধার সম্বন্ধে আলোচনা করেন। সম্পাদক ডাঃ দীনবন্ধু বন্দ্যোপাধ্যায় এই প্রকল্পের উদ্দেশ্য সম্বন্ধে বলেন। তিনি বলেন দুঃস্থ রোগীকে ড্রাগ ব্যাঙ্ক মাধ্যমে জনগণের নিকট হইতে প্রাপ্ত উদ্বৃত্ত ঔষধ বিতরণই এর উদ্দেশ্য। ব্যাঙ্কের শ্রীএ.কে. ভট্টাচার্য্য বলেন,এই পরিকল্পনা রূপায়নের জন্য হাওড়া

জেলার ষ্টেট ব্যাঙ্কের ২২টা শাখায় বাক্স রাখা হইয়াছে। এন. এস. এসের অধ্যাপক সলিল বন্দ্যোপাধ্যায় বলেন, এই প্রকল্প ভারতে প্রথম এবং এর সহ-যোগিতায় তারা কৃতসঙ্কল্প। মন্ত্রী মাননীয় চিত্তব্রত মজুমদার বলেন, এর দ্বারা জনসংযোগ সম্ভব কাজেই তাঁরা সাধ্যমত সাহায্য করবেন। সভাপতিও সম্ভাব্য সরকারী সাহায্যের আশ্বাস দেন। অধ্যাপক এম. মিত্র ধন্যবাদ জ্ঞাপন করেন। শ্রীমতী রেখা নন্দী, ডাঃ প্রসাদ ব্যানার্জী, ডাঃ রামকৃষ্ণ ঘোষ মণ্ডল প্রমুখ বহু-জন উদ্বোধনী দিবসে ঔষধ দান করেন। হোমিও মেডিক্যাল ক্লাবের পক্ষ থেকে ডাঃ ভোলা নাথ চক্রবর্ত্তী, ডাঃ পুলিন বন্দ্যোপাধ্যায়, ডাঃ নির্ম্মল কুমার সরকার প্রভৃতি উপস্থিত ছিলেন।

চিকিৎসকরা সম্মানিত ঃ – ডাঃ বি. এন. চক্রবর্ত্তী ধন্বন্তরী হলেন।

গত ২০ আগষ্ট পুণনির্ম্মিত হাওড়া পৌরভবনে হাওড়া পণ্ডিত সমাজের ৪৯তম বার্ষিক অধিবেশনের প্রকাশ্য সম্মেলনে কয়েকজনকে সম্মানিত করা হয়। এই সভায় সভাপতিত্ব করেন মাননীয় মন্ত্রী ডঃ কানাই লাল ভট্টাচার্য্য। মাননীয় বিচারপতি শ্রীমুরারী মোহন দত্ত, সহ উপাচার্য্য ডঃ রমেন পোদ্দার প্রমুখ বক্তৃতা করেন। শ্রীমুরারী মোহন বেদান্তাদিতীর্থ শাস্ত্রী সভা পরিচালনা করেন। এই সম্মেলনে, পশ্চিমবঙ্গ পণ্ডিত মহাসম্মেলন (১৭) অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সাংবাদিক শ্রীতুষার কান্তি ঘোষকে সাংবাদিক শিরোমণি, হোমিও মেডিক্যাল ক্লাবের ডাঃ ভোলানাথ চক্রবর্ত্তীকে ধন্বন্তরী, ও ডাঃ দীনবন্ধু বন্দ্যো-পাধ্যায়কে ধাত্রী বিশারদ উপাধি প্রদান করা হয়। এই সম্মেলনে জাতীয় পোষাকে প্রায় সকলেই উপস্থিত ছিলেন। বহু জনসমাগমে মুখর এই অনুষ্ঠান সমাপ্তি হয় 'চন্দ্রগুপ্ত চানক্যম্' সংস্কৃত নাটকাভিনয় মাধ্যমে। হোমিও ক্লাবের পক্ষ থেকে ডাঃ আর. কে. ঘোষ মণ্ডল, ডাঃ সরকার, ডাঃ মাখন ঘোষ, ডাঃ অরুণ কুমার মিত্র, ও ডাঃ শ্যামপদ ঘোষ প্রমুখ উপস্থিত ছিলেন।

হাওড়া প্রেস ক্লাব—

৫ নং হরেন ঘোষ রোডস্থ রেলওয়ে অফিসার্স ক্লাবে এই সংস্থার প্রথম বার্ষিক মিলোনোৎসব অনুষ্ঠিত হয় গত ২রা সেপ্টেম্বর অপরাহ্ণে। পত্র-পত্রিকার

